Government of The Peoples Republic Of Bangladesh
Office of The Executive Engineer
Department of Public Health Engineering (DPHE)
Rangamati District, Rangamati
e-mail:dphe.rangamati@gmail.com

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

Memo no: 46.03.84.00.061.24- 833 Date: 10/01/2024

**Invitation for e-Tender Notice**

| | | |
|---|---|---|
| 1 | Ministry/Division | Local Government Division |
| 2 | Implementation Agency: | Department of Public Health Engineering (DPHE) |
| 3 | Project/Program Name | Chattogram Hill Tracts Inclusive and Resilient Urban Water Supply and Sanitation Project. |
| 4 | e-Tender IDs & Package | a. 913381 (W-02/RHDC) b. 913480 (W-03/RHDC) c. 913483 (W-06/RHDC) |
| 5 | Description of works | a. Construction of Water Reservoirs [(Overhead Tank (OHT) and Over Ground Reservoir(OGR)] at Rangamati<br>b. Construction of Water Transmission System at Rangamati<br>c. Construction of Water Distribution Network including house connection with Operation and Maintenance at Rangamati (Zone-5,6 and 8 islands) |
| 6 | Name, Designation & Address of official Inviting Tender | Parag Barua<br>Executive Engineer, DPHE, Rangamati District, Rangamati<br>Tel: 02333372036 |
| 7 | This is online Tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. Interested Firm/ Contractor can see details in the web site : www.eprocure.gov.bd | |

(Engr. Parag Barua)
Executive Engineer,DPHE
Rangamati District
Contact no-02333372036

GD- 44

---

**Government of the People's Republic of Bangladesh**
Office of the Executive Engineer
Sherpur PWD Division
Sherpur
Phone/Fax: 02-997781096
Web: www.pwd.gov.bd

## Invitation for e-Tender (OTM)

Memo No. 7-34/1487 Date: 10-01-2024

e-Tenders is invited in e-GP System Portal (http://www.eprocure.gov.bd) by Executive Engineer, Sherpur for the procurement of following works:

| SL No. | Tender ID No. | Name of work | Last selling date & time | Tender opening date & time |
|---|---|---|---|---|
| 01 | 929516 | Construction of District NSI Office Building 5-Storied Building with 5-Storied Foundation and 2-Storied Garrage cum Barrack Building with 2-Storied Foundation (including Civil Internal & External Water supply & Sanitation, Internal & External Electrification, Road, Boundary wall, Site Development, Drain & Appron, Arboriculture etc at Sherpur Sadar, Sherpur. | 07-Feb-2024 16:00 | 08-Feb-2024 11:00 |

This is an online tender, where only e- Tenders will be accepted in e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender please register on e-GP System Portal (http://www.eprocure.gov.bd).
Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd) (http://www.eprocure.gov.bd).

**Executive Engineer**
Sherpur PWD Division, Sherpur
E-mail: ee_shrpr@pwd.gov.bd

GD- 48

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়, নওগাঁ।
ফোন ঃ ০২৫৮৮৮৮২৩০৩; ই-মেইল: naogaon@cs.dghs.gov.bd
ওয়েব: www.cs.naogaon.gov.bd

স্মারক নং ঃ সি.এস/নওগাঁ/২৪/৩০/৭৭ তাং - ০৯/০১/২০২৪ খ্রি:

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং স্বাসেবি/প্রশা-১/এডি/১সি-০৮/২০১১-২২০৬, তারিখঃ ০৪/০৯/২০২৩ ইং মোতাবেক সিভিল সার্জন কার্যালয়, নওগাঁ এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাগণের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইন এ (http://csnaogaon.teletalk.com.bd এর মাধ্যমে) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০৪ (চার) | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | শুধু নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | স্টোর কিপার | ০৪ (চার) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৩ | স্বাস্থ্য সহকারী | ৯৬ (ছিয়ানব্বই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪ | ড্রাইভার | ০১ (এক) | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (BRTA) কর্তৃক ইস্যুকৃত ভারী যানবাহন চালানোর হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৩। আবেদনকারীর বয়স ১০/০১/২০২৪ খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখকে বিবেচনা করা হবে।
৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।
৫। স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং-০৩) ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন তাকে সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে।
৬। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।
৭। স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।
৮। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনি হলে আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনি এ মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা মেয়র /কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১০। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদন পত্রে উল্লেখিত সকল সনদ ও কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সিল থাকতে হবে।
১১। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধিবিধান এবং কোটা সংক্রান্ত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য করা হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড এর সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সনদ/প্রমাণক যাচাইয়ে তা যথার্থ বলে প্রমাণিত হতে হবে।
১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ দেওয়া হবে না।
১৩। অসত্য/অসম্পূর্ন/ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৫। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।
(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।
(গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনে নিবন্ধনকৃত জন্মনিবন্ধন সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
(ঙ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে (https://bffwt.gov.bd) বিদ্যমান টিএমআইএস এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।
(চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনি হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সহিত বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ের পক্ষ উল্লেখ করতে হবে।) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

(ছ) অন্যান্য কোটার আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক দাখিল করতে হবে।
(জ) প্রশিক্ষণের সনদপত্র।
(ঝ) ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঞ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র/ স্মার্টকার্ড।
(ট) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক জেলা কমান্ড্যান্ট/জেলা আনসার অ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত কমপক্ষে ২১ (একুশ) দিনের মৌলিক প্রশিক্ষণ সনদপত্র।
(ঠ) ড্রাইভার পদের ক্ষেত্রে ভারী যানবাহন চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স এর মূলকপি।
(ড) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমান স্বরূপ সনদপত্র।
(ঢ) ডাউনলোডকৃত আবেদনের Applicant's Copy এবং Admit card এর রঙিন প্রিন্ট কপি।

**অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি:**

ক.আগ্রহী প্রার্থীগণ http://csnaogaon.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১৫/০১/২০২৪ খ্রি:।
ii. Online-এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৫/০২/২০২৪ খ্রি:। বর্ণিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb হতে হবে।
গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।
ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।
ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন পরিমার্জন/পরিবর্ধন গ্রহনযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন।

Applicant's Copy তে User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- টাকা + টেলিটক কর্তৃক সার্ভিস চার্জবাবদ ২৩/- টাকা সহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অফেরতযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন।

**নিয়মাবলি:**

প্রথম SMS: CSNAOGAON<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **CSNAOGAON ABCDEF** & send to 16222
Reply SMS: Applicant's Name, TK. 223/= Will be charged as application fee, Your PIN is XXXXXXX.
To pay fee type CSNAOGAON<space>YES<space>PIN and send to 16222
দ্বিতীয় SMS:CSNAOGAON<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **CSNAOGAON YES 123456789** & send to 16222.
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for CSNAOGAON for Application for XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

চ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিতে হবে। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। আবেদনকারীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://csnaogaon.teletalk.com.bd এবং নওগাঁ সিভিল সার্জন কার্যালয়ের ওয়েবসাইট www.cs.naogaon.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু মাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
জ. শুধু Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
CSNAOGAON<space>Help<space>User<space>User ID& Send to16222.
Example:**CSNAOGAON Help User ABCDEF** & send to 16222.
ii.PIN Number জানা থাকলে:
CSNAOGAON<space>Help<space>PIN<space>PIN Number & Send to16222.
Example: **CSNAOGAON Help PIN 12345678** & send to 16222.

ঞ. Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটক জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject- এ Organization Name: CS Naogaon, Post Name: * * *, Applicant's User Id ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
১৮. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
১৯. কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী উপরি-উল্লেখিত আবেদনের পদসংখ্যা যেকোন সময় হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

09.01.24

(ডাঃ আবু হেনা মোহাম্মদ রায়হানুজ্জামান সরকার)
সিভিল সার্জন
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি, নওগাঁ।

GD- 43